

(৩) দুর্যোগ পর্যায়

- ক) স্থানীয় প্রশাসনের সঙ্গে যোগাযোগপূর্বক সকল কার্যক্রমের সমন্বয়সাধন এবং স্থানান্তর, উদ্ধার ও মানবিক সহায়তাকার্যে সহায়তা করা;
- খ) ক্ষয়ক্ষতির হিসাব করা এবং মেরামত ও পুনর্নির্মাণের জন্য প্রাক্কলন তৈরি করা এবং এতৎসংক্রান্ত কাজের জন্য অর্থের ব্যবস্থা গ্রহণ;
- গ) বিপদাপন্ন লোকজনের উদ্ধারকার্যে সহায়তা প্রদান;
- ঘ) প্রয়োজনবোধে মজুত/সম্পদ স্থানান্তর কাজে যোগ দেওয়া।

(৪) পুনর্বাসন ও পুনর্গঠন পর্যায়

- ক) যথাসম্ভব দ্রুততার সঙ্গে দুর্যোগে ক্ষতিগ্রস্ত সরকারি সম্পত্তির প্রয়োজনীয় মেরামত ও পুনর্নির্মাণের কাজ শুরু করা;
- খ) ক্ষতিগ্রস্ত সরকারি সম্পত্তির তাৎক্ষণিক মেরামত ও পুনর্নির্মাণের ব্যবস্থা গ্রহণ এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন;
- গ) মানবিক সহায়তা এবং পুনর্বাসন কর্মসূচিতে স্থানীয় প্রশাসন ও কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয়সাধন;
- ঘ) ভবিষ্যতে একই রকম দুর্যোগে সরকারি সম্পত্তি রক্ষার জন্য বিস্তারিত কর্মসূচি, কর্মপরিকল্পনা ও প্রাক্কলন তৈরি করা এবং উপযুক্ত কর্তৃপক্ষের কাছে তা উপস্থাপন করা;
- ঙ) প্রয়োজন অনুযায়ী পুনর্নির্মাণ কাজে কারিগরি সহায়তা প্রদান এবং তদারকি।

৫.২.২০.২ নগর উন্নয়ন অধিদপ্তর

নগর উন্নয়ন অধিদপ্তর এর কর্ম এলাকায় দুর্যোগঝুঁকি ব্যবস্থাপনায় নিম্নলিখিত কার্যক্রম পরিচালনা করবে:

ঝুঁকিহ্রাস কার্যক্রম

- ক) সম্ভাব্য বিপদগ্রস্ত এলাকা চিহ্নিত করার লক্ষ্যে ভূমিকম্প ও অন্যান্য দুর্যোগঝুঁকি-মানচিত্র প্রস্তুত ও অনুসরণ করা;
- খ) ভূমি ব্যবহার পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন পরিবীক্ষণ করা;
- গ) ঝুঁকি অন্তর্ভুক্তিমূলক নগর পরিকল্পনা প্রণয়ন করা;
- ঘ) বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (BNBC) অনুসরণ করে ঝুঁকিপ্রবণ এলাকায় ভবন নির্মাণ করার ক্ষেত্রে অনুমোদিত নকশা ও নির্মাণ-নির্দেশনা মেনে চলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
- ঙ) উদ্ধার ও সাড়াদান কাজে নিয়োজিত বাহনগুলোর সহজ চলাচলের জন্য প্রশস্ত রাস্তার ব্যবস্থা গ্রহণ,
- চ) সকল ভবন এবং কাঠামোর ঝুঁকি নিরূপণে জরিপ পরিচালনা করা এবং ঝুঁকিপূর্ণ ভবনের তালিকা তৈরি করা;
- ছ) প্রকৌশল পরিকল্পনা সংস্থা ও নির্মাতা প্রতিষ্ঠানসমূহের জন্য নগর পরিকল্পনা ও ভবন রেট্রোফিটিং-সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- জ) অতি গুরুত্বপূর্ণ স্থানে যেকোনো ভবন ও অট্টালিকা নির্মাণে BNBC কার্যকর করা;

- বা) ভবন ও অন্যান্য কাঠামোকে নিরাপদ ও ঝুঁকিপূর্ণ শ্রেণিভুক্ত করতে সহায়তা প্রদান;
- ঞ) পুনর্বাসন পর্যায়ে বিএনবিসি এবং ভূমিকম্প পরিস্থিতি প্রতিরোধী ও অগ্নিনিরোধক নির্মাণ বিধি/BNBC কার্যকর করা;
- ট) নগরে জলাবদ্ধতা নিরসনকল্পে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন, ওয়াসা ও অন্যান্য স্টেকহোল্ডারদের সমন্বয়ে কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ;
- ঠ) বিএনবিসির যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে নির্মাণকাজে নিয়োজিত সংশ্লিষ্ট প্রকৌশলী (সিভিল ইঞ্জিনিয়ার) ও নির্মাণ শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান এবং এ বিষয়ে সচেতনতা বাড়ানোর জন্য প্রচারাভিযানের আয়োজন করা;
- ড) সরকারি ও বেসরকারি খাতের নির্মাণকাজের মান পর্যবেক্ষণে শক্তিশালী পরিবীক্ষণ ব্যবস্থা প্রতিষ্ঠা;
- ঢ) সরকারি সম্পত্তি রক্ষা ও মেরামতকরণে জনবল ও সরঞ্জাম প্রস্তুত রাখা;
- ণ) সকল সরকারি মজুত সংরক্ষণ করা এবং প্রয়োজনে অধিকতর নিরাপদ স্থানে সেগুলো স্থানান্তর করা;
- ত) স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয় করে প্রয়োজনে অপসারণ, উদ্ধার ও মানবিক সহায়তা-কার্যক্রমে সহায়তা প্রদান;
- থ) ক্ষয়ক্ষতি নিরূপণ, পুনর্বাসন ও পুনর্নির্মাণ কাজের জন্য প্রাক্কলন ব্যয় নির্ধারণ এবং এজন্য তহবিলের ব্যবস্থা গ্রহণ;
- দ) দুর্যোগে ক্ষতিগ্রস্ত সংস্থার সম্পদের সংস্কার ও পুনর্নির্মাণ কাজ যত দূত সম্ভব শুরু করা;
- ধ) পুনর্বাসন ও পুনর্গঠনকাজে স্থানীয় প্রশাসন ও কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয়সাধন;
- ন) ভবিষ্যৎ দুর্যোগে সরকারি সম্পত্তি রক্ষায় বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করা ও প্রাক্কলিত ব্যয় নির্ধারণ;
- প) প্রয়োজনে পুনর্নির্মাণকাজে কারিগরি সহায়তা প্রদান এবং তত্ত্বাবধান।

৫.২.২০.৩ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিএ), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ (জিডিএ)

রাজউক, সিডিএ, কেডিএ, আরডিএ, জিডিএ-এর কর্ম এলাকায় দুর্যোগঝুঁকি ব্যবস্থাপনায় নিম্নলিখিত কার্যক্রম পরিচালনা করবে:

- ক) সম্ভাব্য ঝুঁকিপূর্ণ এলাকা চিহ্নিত করার লক্ষ্যে ভূমিকম্প ও অন্যান্য দুর্যোগঝুঁকি-মানচিত্র অনুসরণ করা;
- খ) ঝুঁকি অন্তর্ভুক্তিমূলক নগর পরিকল্পনা প্রণয়ন করা;
- গ) বাংলাদেশ জাতীয় ইমারত বিধিমালা (বিএনবিসি) অনুসরণ করে ঝুঁকিপ্রবণ এলাকায় ভবন নির্মাণ করার ক্ষেত্রে অনুমোদিত নকশা ও নির্মাণ-নির্দেশনা মেনে চলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
- ঘ) সকল ভবন এবং কাঠামোর ঝুঁকি নিরূপণে জরিপ পরিচালনা করা এবং ঝুঁকিপূর্ণ ভবনের তালিকা তৈরি করা;
- ঙ) প্রকৌশল পরিকল্পনা সংস্থা ও নির্মাতা প্রতিষ্ঠানসমূহের জন্য নগর পরিকল্পনা ও ভবন রেট্রোফিটিং-সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- চ) অতি গুরুত্বপূর্ণ স্থানে যেকোনো ভবন ও অট্টালিকা নির্মাণে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (BNBC) কার্যকর করা;
- ছ) ভবন ও অন্যান্য কাঠামোকে নিরাপদ ও ঝুঁকিপূর্ণ শ্রেণিভুক্ত (Categorizing) করতে সহায়তা প্রদান;